

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২৫.০৩১.২০২২-৭৮৬

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: বিদেশ গমনের অনুমতি ও ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

সূত্র: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১১.১৬০০.০০১.০৬.০২৫.২৩-১৪৫২, তারিখ: ২ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০২ জুলাই ২০২৩ তারিখের ০১ নং স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী চলমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সকল প্রকার বৈদেশিক ভ্রমণ বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। মানবিক বিবেচনায় শুধুমাত্র চিকিৎসাজনিত ও ধর্মীয় কারণে বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান করা হচ্ছে এবং সকল প্রকার ব্যক্তিগত ভ্রমণ নিরুৎসাহিত করা হচ্ছে। সে পরিপ্রেক্ষিতে ব্যক্তিগত ভ্রমণের অনুমতি প্রদান সমিটীন নয় মর্মে প্রতীয়মান।

এমতাবস্থায়, চলমান বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব জৌধুরী হাসান মাহমুদ হাসনী-কে ব্যক্তিগত ভ্রমণের উদ্দেশ্যে মালেশিয়া গমনের অনুমতি প্রদান করা গেলোনা মর্মে নির্দেশক্রমে জানিয়ে দেয়া হলো।

মাহবুবা আইরিন
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।